

অভিযাত্রাবিরোধীদের হামলায় টাবির ৮ শিক্ষক আহত

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৮ দলের 'গণতন্ত্র অভিযাত্রায়' যোগ দেওয়ার জন্য বের হওয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের জামায়াত-বিএনপিপন্থি শাখা দলের শিক্ষকদের ওপর অভিযাত্রাবিরোধীদের হামলায় ৮ শিক্ষক আহত হয়েছেন। গতকাল হাইকোর্ট সংলগ্ন কদম ফোয়ারা এলাকায় এ ঘটনা ঘটে। অন্যদিকে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তিনটি হাতবোঁটার বিক্ষোভের ঘটনা ঘটে। গণতন্ত্র অভিযাত্রার প্রতিবাদে সারাদিন ক্যাম্পাসে যত্না অব্যাহত রাখে ছাত্রলীগ।

প্রভাফদশীরা জানান, দুপুর আড়াইটার দিকে কার্জন হল এলাকা থেকে একটি মিছিল নিয়ে পল্টনের উদ্দেশে রওনা হন প্রায় দেড়শ শিক্ষক। মিছিলটি কদম ফোয়ারা এলাকায় পৌঁছলে পুলিশ বাধিয়ে দেয়। এ সময় শিক্ষকদের সঙ্গে পুলিশের বাকবিতণ্ডা হয়। এরপর সেখানে অবস্থান নিয়ে সমাবেশ শুরু করেন শিক্ষকরা। এর ১০-১২ মিনিটের মাঝায় জাতীয় প্রেস ক্লাবের দিক থেকে এসে আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগ প্রভৃতি সংগঠনের নেতাকর্মীরা শিক্ষকদের ওপর চড়াও হয়। এ সময় বাঁশের লাঠি, ক্রিকেট স্টাম্প দিয়ে শিক্ষক-শিক্ষিকাদের পেটানো হয়। পরে ধাওয়া দিয়ে শিক্ষকদের কার্জন হল পর্যন্ত নিয়ে যায় হামলাকারীরা।

শিটুনির শিকার শিক্ষকরা হলেন অধ্যাপক আবদুর রশীদ, অধ্যাপক তাজমেরী এমএ ইসলাম, অধ্যাপক লায়লা নূর ইসলাম, এবিএম সাইফুল ইসলাম, সিদ্ধিকুর রহমান, তাহমিনা আক্তার, গোলাম রব্বানী ও সারবিনা পাহনাঙ্গ।

অধ্যাপক তাজমেরী সাংবাদিকদের বলেন, 'শান্তিপূর্ণ কর্মসূচি পালনকালে আওয়ামী সন্ত্রাসীরা অস্ত্রশস্ত্র নিয়ে হামলা চালিয়ে কয়েকজন শিক্ষককে আহত করেছে।' এ ঘটনার প্রতিবাদে আজ সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাঙ্কেয় বাংলার পাদদেশে মানববন্ধন অনুষ্ঠিত হবে বলে তিনি জানান।

পুলিশি বাধায় পত জাবি শিক্ষকদের কর্মসূচি

জাবি সংবাদদাতা জানান, 'মার্চ ফর ডেমোক্রেসি' কর্মসূচিতে অংশগ্রহণের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জাতীয়তাবাদী শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী ফোরামের ঢাকা অতিযুখে যাত্রা পুলিশি বাধায় পত হয়ে গেছে।

রোববার সকালে গাড়ি না পেয়ে হেঁটেই 'মার্চ ফর ডেমোক্রেসি'তে অংশগ্রহণের জন্য ঢাকা অতিযুখে যাত্রা শুরু করেন বিশ্ববিদ্যালয়ের বিএনপিপন্থি শিক্ষকরা। বিশ্ববিদ্যালয় সংলগ্ন ঢাকা-আরিচা মহাসড়কের সিএমবি নামক স্থানে আতলিয়া থানা পুলিশ তাদের বাধা দেয়। পরে নেতাকর্মীরা ঢাকা-আরিচা মহাসড়কে অবস্থান নেন। পরবর্তী সময়ে পুলিশ তাদের ঢাকা-আরিচা মহাসড়ক থেকে সরিয়ে দেয়। এদিকে মার্চ ফর ডেমোক্রেসি সফল করতে কৌশল পাশ্টে বিচ্ছিন্নভাবে ঢাকায় থাকছেন বলে জানিয়েছেন জাতীয়তাবাদী শিক্ষক নেতারা।